ধানমন্ডিতে গৃহকর্মী নির্যাতনের অভিযোগে দম্পতি আটক



ছবি: সংগৃহীত

ধানমন্ডিতে এক নারী গৃহকর্মীকে নির্যাতনের অভিযোগে ফ্ল্যাটের মালিক দম্পতিকে আটক করেছে পুলিশ।

বুধবার (৩০ সেপ্টেম্বর) রাতে ধানমন্ডির একটি বাসা থেকে নাসিরুল হক সিদ্দিকী ও তার স্ত্রী শাহনাজ সিদ্দিকীকে আটক করা হয়। পুলিশ জানিয়েছে, প্রাথমিক তদন্তে গৃহকর্মী নির্যাতনের অভিযোগের সত্যতা পাওয়া গেছে।

ভুক্তভোগী নাজমা আক্তারের বাড়ি নীলফামারী। মানসিক ভারসাম্যহীনতার কারণে দীর্ঘদিন ধরে পরিবারের সঙ্গে তার যোগাযোগ নেই বলে জানিয়েছে পুলিশ। নাজমা ও তার স্বজনদের অভিযোগ, প্রায় দুই বছর ধরে ওই বাসার মালিকরা তাকে শারীরিকভাবে নির্যাতন করে আসছিলেন।

এ ঘটনায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA